

ভর্তি

ঢাবির গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগে প্রফেশনাল মাস্টার্স, সিজিপিএ ২.৫ হলেই আবেদন

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২৬ মে ২০২৬, ১২: ০০



ছবি: এআই ব্যবহার করে তৈরি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগে নিজ খরচে প্রফেশনাল মাস্টার্স ইন ইনফরমেশন সায়েন্স অ্যান্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট প্রোগ্রামে ভর্তির প্রক্রিয়া চলছে। ৯ম ব্যাচে (জুলাই-ডিসেম্বর ২০২৬ সেমিস্টার, শিক্ষাবর্ষ: ২০২৬-২০২৭) ভর্তির জন্য আগ্রহী প্রার্থীরা নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন। কোর্সের মেয়াদ: ১৮ মাস (তিন সেমিস্টার)।

শিক্ষাগত যোগ্যতা

১. যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম স্নাতক ডিগ্রি।

২. আবেদনের ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতিতে কোনো পরীক্ষায় জিপিএ বা সিজিপিএ ২.৫০-এর নিচে এবং সনাতন পদ্ধতির ক্ষেত্রে তৃতীয় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে না। গ্রন্থাগার ও তথ্যপ্রতিষ্ঠানে কর্মরত পেশাজীবীদের অগ্রাধিকার দেওয়া হবে।

আবেদন ফরম সংগ্রহ ও জমাদান

আগামী ২৬ জুন সন্ধ্যা সাতটা পর্যন্ত তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ অথবা বিভাগের ওয়েবসাইট (<https://shorturlat/zQW57>) থেকে আবেদন ফরম পাওয়া যাবে। যথাযথভাবে পূরণ করা আবেদন ফরম, প্রয়োজনীয় কাগজপত্র ও এক হাজার পাঁচ শ টাকা ফি ২৬ জুনের মধ্যে বিভাগীয় অফিসে জমা দিয়ে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

ভর্তি পরীক্ষা

২৭ জুন বেলা তিনটায় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগে অনুষ্ঠিত হবে।

যোগাযোগের ঠিকানা

কলাভবন (নিচতলা) কক্ষ নম্বর ১০২০, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

